তথ্য কমিশন
প্রত্নতত্ত ভবন (তৃতীয় তলা) এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা

বিগত ২৭/০৬/২০২১ তারিখ অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মরতুজা আহমদ<br>প্রধান তথ্য কমিশনার |
| সভার তারিখ | ২৭/০৬/২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | তথ্য কমিশনের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হলো। |

শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। কমিশন সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-০১ : তথ্য কমিশন ভবন নির্মাণ সংক্রান্ত ৩য় পিআইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

সভাপতি বলেন যে, ১৩ তলা বিশিষ্ট ‘তথ্য কমিশন ভবন নির্মাণ’ শীর্ষক প্রকল্পটি গত ২২/০৫/২০১৮খ্রিঃ তারিখে একনেক কর্তৃক ৭৫০৪.৮ লক্ষ  টাকা ব্যয়ে এবং ১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২১ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ঠিকাদার প্রতিষ্ঠানকে NOA প্রদানের পর ভবনের নির্মাণ কাজ ৮ জানুয়ারি ২০২০ তারিখে শুরু হয়। পরবর্তীতে গণপূর্ত অধিদপ্তর তথ্য কমিশনকে অবগত না করে/অনুমতি না নিয়ে ১২(বার) তলার সংশোধিত নকশা নিয়ে ভবন নির্মাণের কাজ চলমান রাখে। বিষয়টি গত ০৪/০২/২০২১খ্রিঃ তারিখে তথ্য কমিশনের নজরে আসার পর সাথে সাথে গণপূর্ত অধিদপ্তর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয় এবং গণপূর্ত অধিদপ্তরের ভবন নির্মাণ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ব্যাখ্যা তলবসহ অনুমোদিত নকশা অনুযায়ী ১৩ তলা বিশিষ্ট ভবন নির্মাণে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। এই ধারাবাহিকতায় স্থাপত্য অধিদপ্তর বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নির্ধারিত উচ্চতা সীমা ১৫০ ফুটের মধ্যে সীমাবদ্ধ রেখে ২টি বেজমেন্টসহ ১৩(তের) তলার সংশোধিত নকশা গত ১৮/০৫/২০২১খ্রিঃ তারিখে প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করে। উক্ত সংশোধিত নকশার কারিগরী ও বিধিগত মতামত চেয়ে গত ০৭/০৬/২০২১খ্রিঃ তারিখে গণপূর্ত অধিদপ্তরের নিকট পত্র প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর গত ১৩/০৬/২০২১খ্রিঃ তারিখে তথ্য কমিশনে মতামত প্রেরণ করে। অত:পর ১৬/০৬/২০২১খ্রিঃ তারিখে সকাল ১১:০০টায় তথ্য কমিশনের সম্মেলন কক্ষে গণপূর্ত অধিদপ্তরের জবাব পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মতে গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীকে ০৩(তিন) দিনের মধ্যে লিখিতভাবে নিম্নলিখিত বিষয়/সিদ্ধান্তগুলোর উপর জবাব প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়।

ক) নকশা পরিবর্তন সংক্রান্ত সুনির্দিষ্ট ও সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান

খ) প্রস্তাবিত সংশোধিত নকশায় কি কি পরিবর্তন আনা হয়েছে, বিশেষত: প্রকল্পের Scope /পরিমাণগত/উচ্চতা ও ব্যয় ইত্যাদির কোন পরিবর্তন হয়েছে কি না এবং সকল পরিবর্তনের কারিগরি যৌক্তিকতা সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান

গ) এ যাবত কার্য সম্পাদনে মূলত: কোন নকশা অনুসরণ করা হয়েছে বিশেষত: এর ফাউন্ডেশন কয় তলা বিশিষ্ট দেয়া হয়েছে তা নিশ্চিতকরণ।

গণপূর্ত বিভাগ-২ এর নির্বাহী প্রকৌশলী গত ২২/০৬/২০২১খ্রিঃ তারিখে ২৫.৩৬.২৬০০.৩২০.১৪.০৫৮.১৮-১০৭৬নং স্মারকের মাধ্যমে পিআইসি সভার উপরে বর্ণিত সিদ্ধান্তগুলোর জবাব প্রদান করেন। সিদ্ধান্ত ১(ক) এর জবাবে তিনি বলেন, তথ্য কমিশন ভবন নির্মাণ প্রকল্পের নকশা প্রণয়ন, পরিবর্তন, পরিমার্জন প্রভৃতি যাবতীয় কাজ স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর অদ্যাবধি যে পরিমাণ কাজ বাস্তবায়ন করেছে তা অনুমোদিত ডিপিপি ও তথ্য কমিশন থেকে স্বাক্ষরিত নকশা অনুযায়ী হয়েছে এবং সে নকশার ব্যত্যয় ঘটেনি। স্থাপত্য নকশা পরিবর্তনের বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের সার্কেল-২, বিভাগ-৫ এর সংশ্লিষ্ট নির্বাহী স্থপতি জানিয়েছেন যে, তৎকালীন প্রধান তথ্য কমিশনার মহোদয়ের মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নির্ধারিত উচ্চতা সীমা ১৫০ ফুটের মধ্যে সীমাবদ্ধ রেখে ভবনের ২টি বেজমেন্টসহ ১২(বার) তলার নকশা করা হয়েছে। পরবর্তীতে অনুমোদিত ডিপিপি অনুযায়ী ২টি বেজমেন্টসহ ১৩(তের) তলার ভবনের নকশা প্রণয়ন করে ১৮/০৫/২০২১ তারিখে তথ্য কমিশনে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, গণপূর্ত বিভাগ-২ এর নির্বাহী প্রকৌশলী আরও উল্লেখ করেন যে, স্থাপত্য অধিদপ্তরের ২টি বেজমেন্টসহ ১২(বার) তলার নকশা তথ্য কমিশন থেকে কখনও অনুমোদন দেয়া হয়নি।

পিআইসি সভার সিদ্ধান্ত ১(খ)-এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী জবাবে উল্লেখ করেছেন যে, ১৩ (তের) তলার সংশোধিত নকশায় শুধুমাত্র Internal ব্যবহারগত পরিবর্তন আনা হয়েছে এবং আয়তনের কোন পরিবর্তন করা হয়নি অর্থাৎ এক্ষেত্রে প্রকল্পের Scope বা ব্যবহার উপযোগিতার কোন পরিবর্তন করা হয়নি। এছাড়া, উচ্চতা হ্রাস/বৃদ্ধির কারণে ব্যয়ের হ্রাস/ বৃদ্ধি ঘটবে না এবং চুক্তিপত্রের আইটেম অনুযায়ী কাজ বাস্তবায়িত হলে অনুমোদিত ডিপিপিতে সংস্থানকৃত অর্থের মধ্যেই নির্মাণ কাজ সমাপ্ত করা সম্ভব হবে।

পিআইসি সভার সিদ্ধান্ত ১(গ)-এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী জবাবে উল্লেখ করেছেন যে, গণপূর্ত অধিদপ্তর এই পর্যন্ত ভবন নির্মাণের ক্ষেত্রে মূলত: তথ্য কমিশন থেকে অনুমোদিত ও ডিপিপিতে সন্নিবেশিত নকশা অনুসরণ করেছে এবং ২টি বেসমেন্টসহ ১৩(তের) তলা ভবনের ফাউন্ডেশন প্রদান করা হয়েছে এবং ১৩ তলা ভবনের Dead load & live load Earthquake load, wind load ইত্যাদি বিবেচনা করে ভবনটির Foundation ও Super structure এর structure নকশা প্রণয়ন করা হয়েছে।

সভায় নির্বাহী প্রকৌশলীর জবাব পর্যালোচনা করা হয়। তথ্য কমিশনারদ্বয় ছাড়াও সচিব ও প্রকল্প পরিচালক আলোচনায় অংশগ্রহণ করে স্ব স্ব মতামত ব্যক্ত করেন।

বস্তুত: বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক ভবনের উচ্চতা বিষয়ক প্রাপ্ত পত্রটি ২৪/০৬/২০১৮ তারিখে ইস্যু করা হয় এবং ঐ সময় বর্তমান প্রধান তথ্য কমিশনার তথ্য কমিশনে কর্মরত ছিলেন। এক্ষেত্রে স্থাপত্য অধিদপ্তরের সার্কেল-২, বিভাগ-৫ এর সংশ্লিষ্ট নির্বাহী স্থপতি কর্তৃক তৎকালীন প্রধান তথ্য কমিশনার মহোদয়ের মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে ১২

(বার) তলা বিশিষ্ট ভবনের নকশা প্রণয়ন সংক্রান্ত উদ্ধৃত বক্তব্য মোটেও গ্রহণযোগ্য নহে মর্মে বিবেচিত হয়। অধিকন্তু কারো মৌখিক নির্দেশে এহেন পরিবর্তনের প্রয়াস অপ্রত্যাশিত। তাছাড়া গণপূর্ত অধিদপ্তর কর্তৃক এহেন পরিবর্তনের বিষয়টি তথ্য কমিশনের নজরে না আনাটা মোটেও দায়িত্বশীল আচরণ নহে; এর কোন সন্তোষজনক ব্যাখ্যাও পাওয়া যায়নি।

গণপূর্ত অধিদপ্তর -২ এর নির্বাহী প্রকৌশলীর গত ২২/০৬/২০২১ খ্রিঃ তারিখে ২৫.৩৬.২৬০০.৩২০.১৪.০৫৮. ১৮-১০৭৬ নং স্বারকের মাধ্যমে প্রাপ্ত সংশোধিত নকশা সম্পর্কে কারিগরি মতামত পর্যালোচনাক্রমে যৌক্তিক মর্মে বিবেচনা করে ভবন নির্মাণের কাজ অতিদ্রুত শুরুর নিমিত্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির ৩য় সভার সিদ্ধান্ত-২ মোতাবেক ১৮/০৫/২০২১ তারিখে প্রাপ্ত প্রস্তাবিত নকশা অনুমোদনের লক্ষ্যে সুপারিশসহ স্টিয়ারিং কমিটিতে প্রেরণের জন্য কমিশন ঐক্যমত প্রকাশ করে।

প্রসঙ্গক্রমে প্রকল্প পরিচালক বলেন, সরেজমিন পরিদর্শনে দেখা যায়, গণপূর্ত অধিদপ্তর সর্বমোট প্রায় ১২(বার) কোটি টাকার কাজ সম্পর্ণ করেছে। কিন্তু গণপূর্ত অধিদপ্তরের এ যাবৎ সর্বমোট চাহিদা হলো ১৪ (চৌদ্দ) কোটি টাকা। ইতিপূর্বে ১ম কিস্তি থেকে ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা পরিশোধ করা হয়েছে। বর্তমানে তথ্য কমিশন ভবন নির্মাণ খাতে গণপূর্ত অধিদপ্তরের জন্য ২০২০-২০২১ অর্থ বছরের ২য় কিস্তি পর্যন্ত অবমুক্ত ৩,৮৪,৭২,০০০/- (তিন কোটি চুরাশি লক্ষ বাহাত্তর হাজার) টাকা অবশিষ্ট আছে যা গণপূর্ত অধিদপ্তরকে দেয়া যেতে পারে। ভবন নির্মাণের কাজ অতি দ্রুত শুরু করার জন্য এবং জুন/২০২২ এর মধ্যে সম্পন্নকরণের লক্ষ্যে ৩,৮৪,৭২,০০০/- (তিন কোটি চুরাশি লক্ষ বাহাত্তর হাজার) টাকা গণপূর্ত অধিদপ্তরকে প্রদানের বিষয়ে কমিশন ঐক্যমত পোষণ করেন। তবে ভবনের এযাবৎ বাস্তবায়িত কাজের মূল্যমানসহ সর্বশেষ অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক প্রত্যয়ন প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিস্তারিত আলোচনান্তে, নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: ১। ১২ তলা নকশা প্রণয়ন ইত্যাদি সম্পর্কে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও নির্বাহী স্থপতির বক্তব্য যৌক্তিক বিবেচিত না হওয়ায় স্ব স্ব কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করে বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত: ২। স্থাপত্য অধিদপ্তরের নিকট থেকে ১৮/০৫/২০২১ তারিখে প্রাপ্ত প্রস্তাবিত নকশা তথ্য কমিশনের সম্মতিসহ অনুমোদনের জন্য স্টিয়ারিং কমিটিতে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত: ৩। গণপূর্ত অধিদপ্তর ২৯/০৬/২০২১খ্রিঃ তারিখের মধ্যে সাইটে নির্মাণ কাজ শুরু করবে এবং জুন, ২০২২ এর মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা (Work Plan) আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে তথ্য কমিশন ও প্রকল্প পরিচালকের নিকট পেশ করবে।

সিদ্ধান্ত: ৪। তথ্য কমিশন ভবন নির্মাণ খাতে ২০২০-২০২১ অর্থ বছরের ৩,৮৪,৭২,০০০/- (তিন কোটি চুরাশি লক্ষ বাহাত্তর হাজার) টাকা গণপূর্ত অধিদপ্তরের নিকট হস্তান্তরের জন্য প্রকল্প পরিচালক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ভবনের বাস্তবায়িত কাজের মূল্যমানসহ সর্বশেষ অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক প্রত্যয়ন পত্র প্রদান করবেন।

সিদ্ধান্ত: ৫। প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত নকশা অনুমোদনের বিষয়টি তরান্বিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব, পরিকল্পনা সেল, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হবে।

**আলোচ্য বিষয়-০২ : আউটসোর্সিং এর জনবলসমূহ রাজস্ব খাতে স্থানান্তর এবং স্থানান্তর না হওয়া পর্যন্তচুক্তির মেয়াদ বৃদ্ধির মাধ্যমে সেবা গ্রহণঃ**

সভাপতির নির্দেশনা মোতাবেক তথ্য কমিশনের পরিচালক (প্রশাসন) আলোচ্য বিষয়টি উপস্থাপন করেন। তিনি বলেন- তথ্য কমিশনের বিদ্যমান অর্গানোগ্রামের ০১টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক (এমএলএসএস) মোট ১৩টি আউটসোর্সিংয়ে সৃজিত পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে গত ২৭/০১/২০২১ এবং ২৬/০৪/২০২১ তারিখ প্রেরিত পত্রের বিষয়ে অগ্রগতির জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রেখে প্রয়োজনে স্বশরীরে উপস্থিত হয়ে প্রেরিত পত্রে কোন প্রকার ত্রুটি-বিচ্যুতি আছে কিনা তা যাচাই/সংশোধন করে আগামী ১৫ দিনের মধ্যে বিষয়টি যতদূর সম্ভব অগ্রায়ণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে বিগত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক তথ্য কমিশনের সচিব মহোদয় এবং সহকারী পরিচালক (প্রশাসন) গত ১৩/০৬/২০২১ তারিখ মন্ত্রণালয়ে স্বশরীরে গমন করেন এবং মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের নির্ভুলতা নিশ্চিত করেন। বর্তমানে বিবেচ্য পত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে করা হয়েছে মর্মে সভাকে অভিহিত করা হয়। ১৩টি আউটসোর্সিংয়ে সৃজিত পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অব্যাহতভাবে যোগাযোগ করার বিষয়ে সবিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

সিদ্ধান্তঃ তথ্য কমিশনের বিদ্যমান অর্গানোগ্রামের ০১টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক (এমএলএসএস) মোট ১৩টি আউটসোর্সিংয়ে সৃজিত পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের বিষয়ে অগ্রগতির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে জরুরীভাবে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদানের এবং বিষযটি মনিটর করার জন্য তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেককে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর, সভার আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪.২০.১৯৫
তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১
বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব , সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
২) পরিচালক, পরিচালক(প্রশাসন, অর্থ ও আইটি) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩) পরিচালক , পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪) প্রকল্প পরিচালক, তথ্য কমিশনের ভবন নির্মাণ প্রকল্প।
৫) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) , উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৬) উপ-পরিচালক, উপ-পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৭) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৮) একান্ত সচিব, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৯) সহকারী পরিচালক, সহকারী পরিচালক(প্রশিক্ষণ), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১০) সহকারী পরিচালক, হিসাব ও বাজেট শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১১) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১২) গবেষণা কর্মকর্তা, গবেষণা কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১৩) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১৪) সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
১৫) ব্যক্তিগত সহকারী, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা



হেলাল আহমেদ
সহকারী পরিচালক